

এবারও ‘ট্রিপল এ’ রেটিংয়ে সম্মানিত সামিট কর্পোরেশন এবং সামিট পাওয়ার

- ক্রেডিট রেটিং এজেন্সি CRISL, সামিট কর্পোরেশন এবং সামিট পাওয়ারকে ‘স্থিতিশীল’ ভবিষ্যতের স্বীকৃতি দিয়েছে।
- টানা তৃতীয়বারের মতো দীর্ঘমেয়াদী ‘AAA’ (ট্রিপল এ) ক্রেডিট রেটিং অর্জন করলো সামিট কর্পোরেশন লিঃ।
- পুনরায় দীর্ঘমেয়াদী ‘AAA’ (ট্রিপল এ) ক্রেডিট রেটিং অর্জন করলো পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানী সামিট পাওয়ার লিঃ।



ফটো ক্যাপশন: সামিট কর্পোরেশন এবং সামিট পাওয়ারের পক্ষ থেকে ভাইস-চেয়ারম্যান লতিফ খান এবং পরিচালক আজিজা খান ‘AAA’ (ট্রিপল এ) ক্রেডিট রেটিংয়ের প্রতিবেদনটি গ্রহণ করেন CRISL এর প্রেসিডেন্ট এবং সিইও মুজাফ্ফর আহমেদ এফসিএমএ এর কাছে থেকে। এই অনাড়ম্বর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সামিট গ্রুপের ভাইস চেয়ারম্যান জাফর উম্মিদ খান, পরিচালক সালমান খান, পরিচালক আজহারুল হক এফসিএ, সামিট পাওয়ারের এমডি লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ, সামিট গাজীপুর (১ ও ২) এর এমডি ইঞ্জি মোজাম্মেল হোসেন এবং সামিট কর্পোরেশনের ইডি (ED) সৈয়দ এ কে রাহাত জামান সোহেল এবং সামিট পাওয়ারের ফাইন্যান্স কন্ট্রোলার এবং কোম্পানী সচিব স্বপন কুমার পাল।

(ঢাকা) ২৪ মে, ২০১৮: সামিট গ্রুপের দুটি কোম্পানী, সামিট কর্পোরেশন লিঃ এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত সামিট পাওয়ার লিঃ এবারও সম্মানজনক দীর্ঘমেয়াদী ‘AAA’ (ট্রিপল এ) ক্রেডিট রেটিং এবং স্বল্পমেয়াদী ‘ST-1’ (এসটি-ওয়ান) ক্রেডিট রেটিং অর্জন করেছে।

CRISL জানিয়েছে, দীর্ঘমেয়াদী AAA’ (ট্রিপল এ) ক্রেডিট রেটিং নির্দেশ করে এই দুটি কোম্পানী সেরা মানের, যাতে বিনিয়োগ নিরাপদ এবং রয়েছে সর্বোচ্চ ক্রেডিট নিরাপত্তা। অন্যদিকে স্বল্পমেয়াদী ST-1 (এসটি-ওয়ান) ক্রেডিট রেটিং, কোম্পানী দুটির সময়মতো ঋণ পরিশোধের সর্বোচ্চ সক্ষমতার স্বীকৃতি।

সামিট কর্পোরেশন সম্পর্কে বিস্তারিত:

সামিট কর্পোরেশন লিঃ - সামিট গ্রুপের বিদ্যুৎ প্রকল্পগুলোর একটি হোল্ডিং প্রাইভেট কোম্পানী। এই কোম্পানীটির অধিভুক্ত-সামিট পাওয়ার লিঃ ঢাকা ও চট্টগ্রাম এক্সচেঞ্জের তালিকাভুক্ত পাবলিক কোম্পানী যা বাংলাদেশের শীর্ষস্থানীয় বিদ্যুৎ উৎপাদনকারী (IPP) প্রতিষ্ঠান। সামিট পাওয়ার লিঃ বাংলাদেশে সবচেয়ে বড় স্বতন্ত্র বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান (IPP)। সম্প্রতি সামিট গাজীপুর ২ পাওয়ার, এলওআই ইস্যুর মাত্র ৯ মাসের মধ্যে ৩০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ করেছে এবং আশা করছে শীঘ্রই নির্মাণাধীন আরও একটি ১৪৯ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ প্রকল্প শেষ করবে।

বিস্তারিত তথ্যের জন্যঃ

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫